গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

এবং

সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭-জুন ৩০, ২০১৮

সূচিপত্র

বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

উপক্রমণিকা

সেকশন ১: বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

সেকশন ২: বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা

বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of the Bangladesh Freedom Fighters' Welfare Trust)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনাঃ

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের রাষ্ট্রীয় সম্মানী ভাতা মাসিক সর্বোচ্চ ৩০,০০০ হতে ৪৫,০০০ টাকা এবং ন্যূনতম ৯,৭০০ হতে ২৫,০০০ টাকা বৃদ্ধি করা হয়েছে। গণবাহিনীর খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্য, বীরশ্রেষ্ঠ পরিবার, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং মৃত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা পরিবারসহ মোট ৬৯৫৩ জনকে রাষ্ট্রীয় সম্মানী ভাতা বাবদ গত ০৩ বছরে সর্বমোট ৫৬০,২৮,৭৪,৭৫৬/- টাকা (পাঁচশত ষাট কোটি আটাইশ লক্ষ চুয়াত্তর হাজার সাতশত ছাপ্পান্ন) পরিশোধ করা হয়েছে। বিদ্যমান নীতিমালা অনুযায়ী ২২,০০০ জন যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের রেশন সুবিধা প্রদান করা হয়েছে। ১,১৬৪ জন যুদ্ধাহত ও খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাকে স্মার্ট আইডি কার্ড প্রদান করা হয়েছে। গত ৩ বছরে যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সুবিধা বাবদ ৬,৪৪,৭৪,১৩৩/- টাকা (ছয় কোটি চুয়াল্লিশ লক্ষ চুয়াত্তর হাজার একশত তেত্রিশ) ব্যয় হয়েছে। এছাড়া গত ০৩ বছরে মুক্তিযোদ্ধার সন্তান ও পরবর্তী প্রজন্মের ২,৩৫০ (দুই হাজার তিনশত পঞ্চাশ) জনকে ৬,২৪,৭৪,০০০/- (ছয় কোটি চব্বিশ লক্ষ চুয়াত্তর হাজার) টাকা বঙ্গবন্ধু ছাত্রবৃত্তি প্রদান করা হয়েছে। ঢাকার মোহাম্মদপুরে যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের কল্যাণার্থে প্রায় ৬৪ (চৌষট্টি) কোটি টাকা ব্যয়ে "মুক্তিযোদ্ধা টাওয়ার-১" নামে ১৫ তলা আবাসিক ও বাণিজ্যিক ভবন ও চট্টগ্রামে ১.৫৬ কোটি (এক কোটি ছাপ্পান্ন লক্ষ) টাকা ব্যয়ে বাক্সলী ওয়ার হাউস (১ম ধাপ) নির্মাণ করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ

বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট আইন '২০১৭ প্রণয়ন, অডিট আপত্তি নিষ্পত্তিকরণ, সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ, যথাসময়ে রীট মামলাসহ বিভিন্ন মামলা নিষ্পত্তিকরণ এবং ট্রাস্টের আয় বৃদ্ধি করা কল্যাণ ট্রাস্টের প্রধান চ্যালেঞ্জ।

ভবিষ্যৎ পরিকল্পনা

বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট আইন '২০১৭ এর খসড়া প্রণয়ন করতঃ তা চূড়ান্ত করণের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ, শেয়ারিং পদ্ধতিতে চট্টগ্রামের আলমাস সিনেমা হলের জায়গায় মার্কেট/বাণিজ্যিক ভবন নির্মাণ; টঙ্গী ও বোর্ডবাজারস্থ ৩টি জায়গায় মার্কেট/বাণিজ্যিক/হালকা শিল্প (যেমন-গার্মেন্টস) ভবন নির্মাণ; গজনবী রোডের ১/৬ নং প্লট এবং নারায়নগঞ্জের ডালপট্টি ও নিতাইগঞ্জের ২টি স্থানের উপর বহুতল বাণিজ্যিক/আবাসিক ভবন নির্মাণ। মুক্তিযোদ্ধা টাওয়ার-১ এ নির্মিত যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের জন্য রোগমুক্তি বিশ্রামাগারটি বিশেষজ্ঞ চিকিৎসক ও আধুনিক চিকিৎসা সরঞ্জামাদিসহ আধুনিকায়ন। রীট মামলাসহ বিভিন্ন মামলা নিষ্পত্তিকরণ।

২০১৭-১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ

- শেয়ারিং পদ্ধতিতে ডেভেলপারের মাধ্যমে চট্টগ্রামের ৭১ নং আগ্রাবাদস্থ জমির উপর (৪বি+২৫) = ২৯ তলা বাণিজ্যিক ভবন " টাওয়ার-৭১" এর ফ্রেম স্ট্রাকচারের নির্মাণ কাজ সম্পন্নকরণ;
- শেয়ারিং পদ্ধতিতে ডেভেলপারের মাধ্যমে চট্টগ্রামের ৩৬ নং আগ্রাবাদস্থ জমির উপর (২বি+১৭) = ১৯ তলা " জয় বাংলা বাণিজ্যিক ভবন" নির্মাণ কাজ সম্পন্নকরণ;
- বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট আইন'২০১৭ এর খসড়া প্রণয়ন করতঃ তা চূড়ান্তকরণের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ;
- ৬৯০০ জন যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের এবং ১২৬ জন গণবাহিনীর খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাকে রাষ্ট্রীয় সম্মানীভাতা প্রদান;
- ২১০০০ জন যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যকে রেশন সুবিধা প্রদান;
- ২৯০০ জন মুক্তিযোদ্ধার সন্তান ও পরবর্তী প্রজন্মকে উচ্চ শিক্ষার জন্য বঙ্গবন্ধু ছাত্রবৃত্তি প্রদান;
- ফ্রিডম ফাইটার্স ই-সার্ভিসেস এর TOR প্রণয়ন;
- বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-এর প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ।

উপক্রমণিকা (Preamble)

বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর মধ্যে ২০১৬ সালের জুন মাসের .... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১:

বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision) :

যুদ্ধাহত, খেতাবপ্রাপ্ত ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সার্বিক কল্যাণ সাধন।

১.২ অভিলক্ষ্য (Mission):

যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সার্বিক কল্যাণ সাধন, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের আর্থিক অবস্থা দৃঢ়করণ, প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ এবং মুক্তিযোদ্ধার সন্তান ও পরবর্তী প্রজন্মের উচ্চশিক্ষায় সহায়তা প্রদান।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১.৩.১ বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. যুদ্ধাহত মুক্তিযোদ্ধা, খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের কল্যাণ সাধন;
২. বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের আর্থিক অবস্থা দৃঢ়করণ;
৩. প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ।
৪. মুক্তিযোদ্ধার সন্তান ও পরবর্তী প্রজন্মের উচ্চশিক্ষায় সহায়তা প্রদান;

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন
৩. প্রশাসনিক সংস্কার ও নৈতিকতার উন্নয়ন
৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন
৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

১.৪ কার্যাবলি (Functions):

১. এক বা একাধিক সুবিধাভোগীদের কল্যাণ, ত্রাণ ও পুনর্বাসনের জন্য নগদে বা জিনিষের সহায়তা প্রদান করা;
২. এক বা একাধিক সুবিধাভোগীদের কল্যাণের উদ্দেশ্যসম্পন্ন প্রকল্প ও কর্মসূচিসমূহ উন্নয়ন, প্রতিষ্ঠা, গ্রহণ ও ব্যবস্থাপনা করা;
৩. শিক্ষাক্রম চালিয়ে যাওয়ার জন্য উপযুক্ত সুবিধাভোগীদের জন্য বৃত্তি প্রদান করা;
৪. স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন, রক্ষণাবেক্ষণ ও সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরন;
৫. সুবিধাভোগীদের সাহায্যের জন্য সরকারের পূর্ব অনুমোদনসহ কোন শিল্পজাত বা বাণিজ্যিক প্রতিষ্ঠানসমূহ উন্নয়ন, প্রতিষ্ঠা, মালিকানাধীন, দখল, ব্যবস্থাপনা, রক্ষনাবেক্ষন এবং বিক্রয় করা;
৬ ট্রাস্টের জন্য টাকা, জামানত, দলিলাদি বা অন্য কোন অস্থাবর সম্পত্তি গ্রহণ করা;
৭. ট্রাস্টের টাকা ও তহবিল বিনিয়োগ করা এবং যখন প্রয়োজন বা যথাযথ বিবেচিত হবে তখন বিনিয়োগ পরিবর্তন করা;
৮. সরকারের জামানত ক্রয়, বিক্রয়, পৃষ্ঠাঙ্কন, হস্তান্তর, বিনিময় বা অন্যভাবে ব্যবস্থা গ্রহণ করা এবং সরকার কর্তৃক অনুমোদিত অন্য যেকোন জামানত ক্রয়, বিক্রয়, পৃষ্ঠাঙ্কন, হস্তান্তর, বিনিময় বা অন্যভাবে ব্যবস্থা গ্রহণ করা;
৯. এর সংগঠন এবং উদ্যোগের জন্য ঋণ গ্রহণ করা এবং এই উদ্দেশ্যে ট্রাস্টের সম্পত্তিসমূহ পণ, রেহান, বন্ধক বা অন্যভাবে দায়যুক্ত করা;
১০. চুক্তি, আবদ্ধ হওয়া, ব্যবস্থাসমূহে উপনীত হওয়া এবং প্রয়োজনীয় দলিলাদি সম্পাদন করা;
১১. সরকার কর্তৃক সময় সময় জারীকৃত আদেশ ও নির্দেশসমূহসহ এ আইনের বাস্তবায়ন, উদ্দেশ্য সাধানকল্পে প্রয়োজনীয় সকল বিষয় ;
১২. বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট কর্তৃক নির্দেশিত যে কোন বিষয়।